# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Website: www.dinajpureducationboard.gov.bd email: dinajpureducationboard@gmail.com

## বিজ্ঞপ্তি

স্মারক নং- মাউশিবোদি/বিদ্যা/নিব/২০১৭/৭৫১(০২) তারিখ ঃ ২৪/০৫/২০১৭ খ্রি.

**বিষয় ঃ জেএসসি/জেডিসি পরীক্ষায় শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য, কর্ম ও জীবনমুখী শিক্ষা এবং চারু ও কারুকলা বিষয়সমূহ অন্তর্ভূক্ত না করে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থীর মান যাচাইকরণ প্রসঙ্গে।**

সূত্র ঃ (১) সচিব, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিঝিল, ঢাকা-এর ২৯/০৩/২০১৭ তারিখের স্মারক নং- শিঃউঃ ২৭৭/১১/২৭৯

উল্লিখিত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠানে জেএসসি/জেডিসি পরীক্ষায় শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য, কর্ম ও জীবনমুখী শিক্ষা এবং চারু ও কারুকলা বিষয়সমূহ অন্তর্ভুক্ত না করে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে বুদ্ধিবৃত্তিক, মনোপেশিজ ও আবেগীয় ক্ষেত্রে শিক্ষার্থীদের মান যাচাই সংক্রান্ত জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক নির্দেশনা রয়েছে। এমতাবস্থায়, উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত ঃ জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক নির্দেশনার কপি (পাতা ৩ প্রস্থ)।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

24.5.17

রবীন্দ্র নারায়ণ ভট্টাচার্য্য
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বোর্ডের আওতাধীন অনুমোদিত
সকল শিক্ষা প্রতিষ্ঠান।

# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

www.nctb.gov.bd

স্মারক নং- শি:উ: ২৭৭/১১/279 তারিখ : ২৯/০৩/২০১৭ ইং

বিষয় : জেএসসি/জেডিসি পরীক্ষায় শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য, কর্ম ও জীবনমুখী শিক্ষা এবং চারু ও কারুকলা বিষয়সমূহ অন্তর্ভুক্ত না করে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থীর মান যাচাই

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে, জাতীয় শিক্ষাক্রম সমন্বয় কমিটি (এনসিসিসি) এর ২২/০৩/২০১৭ তারিখের সভায় জেএসসি/জেডিসি পরীক্ষায় শারীরিক ও স্বাস্থ্য, কর্ম ও জীবনমুখী শিক্ষা এবং চারু ও কারুকলা বিষয়সমূহ অন্তর্ভুক্ত না করে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে বুদ্ধিবৃত্তিক, মনোপেশিজ ও আবেগীয় ক্ষেত্রে শিক্ষার্থীর মান যাচাই করা হবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে মান যাচাই বিষয়ে নম্বর বন্টন এতদসঙ্গে প্রেরণ করা হলো। ২০১৭ সালের জেএসসি/জেডিসি পরীক্ষা থেকে পদ্ধতিটি চালু করতে হবে।

বিষয়টি তাঁর আওতাধীন বিদ্যালয়সমূহে অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বিশেষভাবে অনুরোধ করা হলো।

(মোঃ ইমরুল হাসান)
সচিব
ফোন: ৯৫৬৫৬৪৪

চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড
ঢাকা/কুমিল্লা/যশোর/রাজশাহী/সিলেট/বরিশাল/চট্টগ্রাম
দিনাজপুর/বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড/বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য, চারু ও কারুকলা এবং কর্ম ও জীবনমুখী শিক্ষা বিষয়সমূহ জেএসসি/জেডিসি পরীক্ষায় অন্তর্ভুক্ত না করে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে বুদ্ধিবৃত্তিক, মনোপেশিজ ও আবেগীয় ক্ষেত্রে শিক্ষার্থীর মানযাচাই বিষয়ে নম্বর বন্টন :

বিষয় : শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য

পূর্ণমান : ৫০
তত্ত্বীয় : ২০
ব্যবহারিক : ৩০

তত্ত্বীয় অংশ : ২০
- শ্রেণি অভীক্ষা : ১০
- বাড়ির কাজ ও অনুসন্ধানমূলক কাজ : ১০

- কমপক্ষে ২টি শ্রেণি অভীক্ষা নিতে হবে। সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ১টি শ্রেণি অভীক্ষার নম্বর বিবেচনা করতে হবে।
- কমপক্ষে ২টি বাড়ির কাজ বা অনুসন্ধানমূলক কাজ মূল্যায়ন করতে হবে। সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ১টির নম্বর বিবেচনা করতে হবে।

ব্যবহারিক অংশ : ৩০
- খেলাধুলায় অংশগ্রহণ : ২০
- খেলাধুলায় পারদর্শিতা : ১০

- প্রত্যেক শিক্ষার্থীর কমপক্ষে ১টি খেলায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
- মাঠে শিক্ষার্থীর খেলাধুলায় অংশগ্রহণ পর্যবেক্ষণ করে নম্বর প্রদান করতে হবে।

বিষয় : চারু ও কারুকলা

পূর্ণমান ৫০
তত্ত্বীয় ২০
ব্যবহারিক ৩০

তত্ত্বীয় অংশ ২০
- শ্রেণির কাজ ও বাড়ির কাজ : ১০
- শ্রেণি অভীক্ষা : ১০

- শ্রেণির কাজ ও বাড়ির কাজ মূল্যায়ন করে নম্বর প্রদান করতে হবে।
- কমপক্ষে ২টি শ্রেণি অভীক্ষা নিতে হবে। সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ১টি শ্রেণি অভীক্ষার নম্বর বিবেচনা করতে হবে।

ব্যবহারিক অংশ : ৩০
- অঙ্কন অথবা নকশা তৈরি : ৩০

- অঙ্কন বা নকশা তৈরির ক্ষেত্রে প্রতি সাময়িকে কমপক্ষে ২টির প্রাপ্ত নম্বরের গড় নম্বর বিবেচনা করতে হবে।

বিষয় : কর্ম ও জীবনমুখী শিক্ষা

পূর্ণমান : ৫০
তত্ত্বীয় : ৩০
ব্যবহারিক : ২০

তত্ত্বীয় অংশ : ৩০
- শ্রেণির কাজ ও বাড়ির কাজ : ১০
- শ্রেণি অভীক্ষা : ২০

- শ্রেণির কাজ মূল্যায়ন করে নম্বর প্রদান করতে হবে।
- কমপক্ষে ৩টি শ্রেণি অভীক্ষা নিতে হবে। সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ২টি শ্রেণি অভীক্ষার নম্বর বিবেচনা করতে হবে।

ব্যবহারিক অংশ : ২০
- ব্যবহারিক কাজ : ২০

- কমপক্ষে ২টি ব্যবহারিক কাজ দিতে হবে। সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ১টির নম্বর বিবেচনা করতে হবে।

২৭/০৬/১৯
প্রফেসর মোঃ মশিউজ্জামান
আইডি নং-২৮৫৬
সদস্য (শিক্ষাক্রম)
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

22.5.17



শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

**শিক্ষার্থীর আচরণ ও মূল্যবোধের (আবেগীয় শিখনফল) ধারাবাহিক মূল্যায়নের নির্দেশক ও রেকর্ড সংরক্ষণ ছক**

| রোল নম্বর | শিক্ষার্থীর নাম | সাময়িক পরীক্ষা: নিয়মানুবর্তিতা | | দেশপ্রেম | | সততা | | নেতৃত্ব | | শৃঙ্খলা | | সহযোগিতা | | সক্রিয় অংশগ্রহণ | | সহিষ্ণুতা | | সচেতনতা | | সময়ানুবর্তিতা | | প্রাপ্ত নম্বর | | মন্তব্য | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম | ২য় | ১ম | ২য় | ১ম | ২য় | ১ম | ২য় | ১ম | ২য় | ১ম | ২য় | ১ম | ২য় | ১ম | ২য় | ১ম | ২য় | ১ম | ২য় | ১ম | ২য় | ১ম | ২য় |
| ১ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ২ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৩ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

**নির্দেশনা :** ছকে উল্লেখিত ১০টি নির্দেশকের আলোকে শিক্ষার্থীর আচরণ ও মূল্যবোধ মূল্যায়ন করতে হবে। এক্ষেত্রে একজন শিক্ষার্থী প্রতিটি নির্দেশকের জন্য ৩ (অতি উত্তম) বা ২ (ভালো) বা ১ (অগ্রগতি প্রয়োজন) পেতে পারে। ১০টি নির্দেশকের জন্য একজন শিক্ষার্থী সর্বোচ্চ ৩০ এবং সর্বনিম্ন ১০ পেতে পারে। শিক্ষার্থীর আচরণ ও মূল্যবোধ মূল্যায়নে চার স্তরের পৃথক মতামত নিচের ছক অনুযায়ী প্রদান করতে হবে :

| নম্বরের সীমা | শিক্ষার্থীর আচরণ ও মূল্যবোধের মূল্যায়ন মতামত |
|---|---|
| ২৬-৩০ | অতি উত্তম |
| ২১-২৫ | উত্তম |
| ১৬-২০ | ভালো |
| ১০-১৫ | অগ্রগতি প্রয়োজন |

- **অষ্টম শ্রেণিতে ২বার ধারাবাহিক মূল্যায়নের রেকর্ড সংরক্ষণ করতে হবে। ২বারের প্রাপ্ত নম্বরের গড় নম্বর বোর্ডের নির্দেশনা অনুযায়ী শিক্ষাবোর্ডে প্রেরণ করতে হবে। শিক্ষাবোর্ড জেএসসি ও সমমানের পরীক্ষার নম্বরপত্রের সাথে প্রতিষ্ঠান কর্তৃক প্রেরিত শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য, চারু ও কারুকলা এবং কর্ম ও জীবনমুখী শিক্ষা বিষয়সমূহের ধারাবাহিক মূল্যায়নের প্রাপ্ত নম্বর উল্লেখ করে চূড়ান্ত ফলাফল প্রকাশ করবে। তবে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত এ বিষয়গুলোর নম্বর শিক্ষার্থীর গ্রেড নির্ধারণে প্রযোজ্য হবে না। বিষয়গুলোর প্রাপ্ত নম্বর শিক্ষার্থীর বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।**
- **ষষ্ঠ ও সপ্তম শ্রেণিতে ১ম সাময়িক ও ২য় সাময়িক পরীক্ষায় উল্লিখিত ৩টি বিষয়ের ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানের চূড়ান্ত নম্বরপত্রে অন্তর্ভুক্ত করতে হবে। তবে এ বিষয়গুলোতে প্রাপ্ত নম্বর শিক্ষার্থীর গ্রেড নির্ধারণে প্রযোজ্য হবে না। এটি শিক্ষার্থীর বিশেষ যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।**
- শিক্ষার্থীর আচরণ ও মূল্যবোধের মূল্যায়ন মতামত প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রে অবশ্যই উল্লেখ করতে হবে।
- প্রতি সাময়িক শেষে শিক্ষার্থীর আচরণ ও মূল্যবোধের মূল্যায়ন মতামত অবশ্যই অভিভাবকগণকে অবগত করতে হবে।

২২/০৫/১৭